গাংনীর সাহারবাটি গ্রামে দুটি মোটরসাইকেলের সংঘর্ষে আহত ১

গাংনী-কাথুলি সড়কের সাহারবাটি নাম স্থানে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ডাবলু হোসেন (৩৫) নামের একজন মারাত্বক আহত হয়েছেন। আহত ডাবলু হোসেন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের নাসির উদ্দীনের ছেলে।

আজ রবিবার (৩ জুলাই) দুপুরের দিকে সাহারবাটি গ্রামে এ দূর্ঘটনাটি ঘটে।

আহত ডাবলু গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

আহত ডাবলু জানান, মোটরসাইকেল যোগে সাহারবাটি চারচারা মোড়ের দিকে যাওয়ার সময় বিপরিত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সাথে মুখোমুখি ধাক্কা লেগে আমি রাস্তার উপর পড়ে যায়। এতে ডাবলুর মুখে এবং হাতে গুরুতর আঘাত লাগে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারী মেডিকেল অফিসার (স্যাকমো) তানভীর বলেন ডাবলুকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

আমঝুপিতে বিএনপি কর্মীদের হামলায় আওয়ামী লীগ কর্মী আহত

সামাজিক বৈঠক চলাকালিন সময়ে ইউনিয়ন পরিষদের নির্বাচনে নৌকা প্রতীকের এজেন্ট নজরুল ইসলামকে (৫২) পিটিয়ে আহত করেছেন বিএনপি কর্মীরা।

আহত নজরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের গন্ধরাজপুরপাড়া এলাকার রেজাউল শেখের ছেলে।

গত শুক্রবার (১ জুলাই) দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে আমঝুপি গ্রামের গন্ধরাজপুর পাড়াতে এ মারপিটের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, ঈদুল আযহাকে কেন্দ্র করে আমঝুপি গ্রামে সামাজিক বৈঠক চলছিল। বৈঠক শেষে নজরুল ইসলাম বাড়িতে ফিরছিলেন। এসময় মৃত আব্দুস সাত্তারের ছেলে হজরত আলী, পঞ্চু শেখের ছেলে মিরাজুল, তাহাজ উদ্দীন ফরাজির ছেলে ফারদুল, আবুল কায়েরের ছেলে সাখাওয়াত ও নগু’র ছেলে জহুরুল ইসলামসহ তাদের লোকজন নজরুল ইসলামকে বেধড়ক মারপিট করে।তাদের লাথি কিল ঘুঁষিতে আহত হন নজরুল ।

স্থানীয়রা তাকে আহতাবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে সে আইসিইউতে চিকিৎসাধীন রয়েছে।

এদিকে আহত নজরুল ইসলামকে আজ দুপুরে হাসপাতালে দেখতে যান আমঝুপি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি বোরহান উদ্দীন আহমেদ চুন্নু, ইউপি সদস্য আবুল কাশেম , আওয়ামীলীগ নেতা হেলাল উদ্দীন, আনিছুর রহমানসহ অনেকেই।

এঘটনায় হামলাকারীদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিচ্ছেন আহতের পরিবার।

মেহেরপুরে গরুর গাড়ির সাথে মোটরসাইকেলের ধাক্কা, দুজন আহত

মেহেরপুর সদর উপজেলার বারাদী-যতারপুর সড়কে গরুর গাড়ির সাথে মোটরসাইকেলের ধাক্কায় দুই জন আহত হয়েছেন।

আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার গোপালপুর গ্রামের মাঝপাড়া এলাকার মুকলেছুর রহমানের ছেলে তুর্য(১৭) ও আব্দুর রশিদের ছেলে লিখন হোসেন (২৫)।

আজ বৃহস্পতিবার (৩০ জুন) দুপুরের দিকে টুঙ্গি-গোপালপুরের গ্রামের মাঝ খানে এ দূর্ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত লিখন জানান, আমরা মোটরসাইকেল যোগে গোপালপুর থেকে টুঙ্গি যাচ্ছিলাম। গ্রামের মাঝ খানে পৌছানো মাত্র বিপরীত থেকে আসা একটি গরুর গাড়ির সাথে ধাক্কা লেগে পার্শ্ববর্তি খাদে পড়ে যায়।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে কর্তব্যরত সিনিয়র স্টাফ সবুজ আহমেদ জানান, আহতদের ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে তারা আশংকামুক্ত।

মেহেরপুরে বজ্রপাতে কৃষক নিহত, আহত দুই গৃহবধুসহ ৪ জন

মেহেরপুরে পৃথক স্থানে বজ্রপাতে আবু বক্কর সিদ্দিক (৪৫) নামে এক কৃষক নিহত ও দুই গৃহবধু আহত হয়েছেন। নিহত আবু বক্কর সিদ্দিক মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের রিয়াজ উদ্দীনের ছেলে।

আজ মঙ্গলবার (২১ জুন) দুপুরের দিকে এ বজ্রপাতের ঘটনা ঘটে।

এছাড়া আহতরা হলেন একই উপজেলার গোপালপুর গ্রামের আব্দুস সালামের স্ত্রী আঙ্গুরা খাতুন (৩০) ও রাজাপুর গ্রামের মজিদুল ইসলামের স্ত্রী কহিনুর বেগম (২৫), রাধাকান্তপুর গ্রামের কৃষক আহসান আলী
(৪০) ও রহমতুল্লাহ ।

আহত আঙ্গুরা ও কহিনুরের অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক বেলাল সুমন।

স্থানীয়রা জানান, কৃষক আবু বক্কর সিদ্দিক স্থানীয় মাঠে ধান রোপন করছিলেন। ঝুম বৃষ্টির সাথে বজ্রপাত হলে আবু বক্কর সিদ্দিক গুরুতর

আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।

২৫০ শয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বেলাল সুমন জানান, আহত দুই নারীর অবস্থা আশংকাজনক। হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে তাদের।

গাংনীতে পৃথক সংঘর্ষে তিনজন আহত

জমি জমা ও পারিবারিক কলহের জের ধরে সৃষ্ট পৃথক সংঘর্ষে ৩ জন আহত হয়েছেন।

আজ শনিবার (১৮ জুন) সকালে ও দুপুরের দিকে গাংনী উপজেলার ধানখোলা ও আযান গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন গাংনী গাংনী উপজেলার ধানখোলা গ্রামের মুছাব উদ্দীনের ছেলে কদম আলী (৫৬), মেছের আলীর ছেলে মোসারফ হোসেন (৪০) ও আযান গ্রামের বাউল শেখের ছেলে মজনু হোসেন (৩৫)।

আহতদের গাংনী উপজেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গাংনীতে পৃথক সড়ক দুর্ঘটনায় তিনজন আহত

গাংনী উপজেলার মেহেরপুর-কুষ্টিয়া সড়কের তেরাইল ও বাঁশবাড়িয়া গ্রামে পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় তিনজন আহত হয়েছেন।
আহতরা হলেন,শামসুল আলম (৪৫), মতিয়ার রহমান (৫৯) ও রিপন হোসেন

(২২)।

আহতদের মধ্যে শামসুল আলম ও মতিয়ার রহমান গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন আর রিপন হোসেনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

স্থানীয়রা জানান, তেরাইল গ্রামে মাইক্রোবাসের ধাক্কায় মোটরসাইকেল আরোহী গাংনী উপজেলার চেঙগাড়া গ্রামের আব্দুল কুদ্দুছের ছেলে শামসুল আলম (৪৫) ও তেরাইল গ্রামের নবিছদ্দীনের ছেলে মতিয়ার রহমান আহত হয়েছেন।

শামসুল আলম মোটরসাইকেলে ছিলেন এছাড়া মতিয়ার রহমান পাখি ভ্যানে ছিলেন।

বাঁশবাড়িয়া গ্রামে মোটরসাইকেলের ধাক্কায় আহত হয়েছে নাজমুল হুদার ছেলে রিপন হোসেন (২২)।

তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভর্তি করা হয়েছে। এদের মধ্যে রিপন হোসেনের অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে বলে জানিয়েছেন জরুরী বিভাগে কর্মরত স্যাকমো সোহাগ হোসেন।